

সচিব



জনাব আনিস মাহমুদ

সচিব (যুগ্মসচিব)

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন

সরকারের যুগ্মসচিব জনাব আনিস মাহমুদ (পরিচিতি নং-৪১২৮) বিগত ২৯ ডিসেম্বর ২০১৬ তারিখে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের সচিব হিসেবে যোগ দিয়েছেন। তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৯ম ব্যাচ এর সদস্য। ১৯৯১ সালের ২৬ জানুয়ারি সরকারি চাকরিতে নিয়োগ প্রাপ্ত হন। অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগে সহকারী সচিব হিসেবে যোগ দেওয়ার পর পর্যায়ক্রমে তিনি খাগড়াছড়ি জেলা প্রশাসকের কার্যালয়ে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার সহকারী কমিশনার (ভূমি), লক্ষ্মীপুর ও কুমিল্লা জেলা প্রশাসকের কার্যালয়ে সিনিয়র সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর জেলার রায়পুর উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব, চট্টগ্রাম জেলার অতিরিক্ত জেলা প্রশাসক, নির্বাচন কমিশন সচিবালয়ে উপপ্রকল্প পরিচালক (উপসচিব), নেত্রকোনা ও খুলনা জেলার জেলা প্রশাসক, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের উপসচিব/যুগ্মসচিব এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব আনিস মাহমুদের জন্ম ১৯৬৫ সালের ২৯ অক্টোবর ফেনী জেলায়। তিনি রাষ্ট্র বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। পেশাগত কাজে তিনি ইতালী, নেদারল্যান্ডস, চীন, সিঙ্গাপুর, দক্ষিণকোরিয়া, ভিয়েতনাম, মালয়েশিয়া সফর করেন। তিনি বিবাহিত এবং এককন্যা ও এক পুত্রের জনক।